

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাহাজ্জুদ সালাত আদায় করার সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর কী প্রশংসা করতেন এবং দু'আ করতেন তার বর্ণনা

ذَكْرُ مَا كَانَ يَحْمَدُ الْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ جَلَّ وَعَلَا وَيَدْعُوهُ بهِ عِنْدَ صلَاةٍ اللَّيْل

আরবী

2588 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قال: حدثنا سُلَيْمَانَ الْأَحْوَلِ عَنْ طَاؤُسِ عَن ابْن عَبَّاسِ قَالَ: كَانَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ تَهَجَّدَ قَالَ: (اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَاوَات وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ مَلِكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَلِقَاؤُكَ حَقٌّ وَوَعْدُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ وَالنَّبِيُّونَ حَقٌّ وَمُحَمَّدٌ صِلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ حَقُّ اللَّهُمَّ بِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنَبْتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ الْمُقَدَّمُ وَأَنْتَ الْمُؤَخِّرُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَلَا إِلَهَ غَيْرُكَ) قَالَ سُفْيَانُ: وَزَادَ فِيهِ عَبْدُ الْكَرِيمِ: لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ سُفْيَانُ: فَحَدَّثْتُ بِهِ عَبْدَ الْكَرِيمِ أَبَا أُمَيَّةَ فَقَالَ: قُلْ: أَنْتَ إِلَهِي لَا إِلَهَ إِلَّا أَنْتَ ولا إله غيرك.

الراوي: ابْن عَبَّاس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2588 | خلاصة حكم المحدث: صحيح - ((صفة الصلاة))، ((صحيح أبي داود)) (745): ق.

বাংলা



২৫৮৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন রাতে তাহাজ্জুদ সালাত আদায় করার জন্য উঠতেন, তখন তিনি বলতেন,

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَلِقَاقُكَ حَقِّ وَوَعْدُكَ حَقِّ وَالْجَنَّةُ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَلِقَاقُكَ حَقِّ وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَلِقَاقُكَ حَقِّ وَالْقَرْضِ وَمَنْ فِيهِنَّ وَلَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَالسَّاعَةُ حَقُّ وَالْنَبِيُّونَ حَقِّ وَمُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَقُّ اللَّهُمَّ بِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ وَعَلَيْكَ تَوكَلْتُ وَإِلَيْكَ أَنْتُ وَالْمَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْدَرُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَلَا إِلَهَ غَيْرُكَ

(হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিন ও উভয়ের মধ্যবর্তী সমস্ত জিনিসের নূর, আর আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিন ও উভয়ের মধ্যবর্তী সমস্ত জিনিসের পরিচালক, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিন ও উভয়ের মধ্যবর্তী সমস্ত জিনিসের মালিক, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি হক, আপনার সাক্ষাৎ সত্য, আপনার ওয়াদা সত্য, জায়াত সত্য, জাহায়াম সত্য, কিয়ামত সত্য, নবীগণ আলাইহিমুস সালাম সত্য, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সত্য। হে আল্লাহ, আমি আপনার প্রতি ঈমান আনয়ন করেছি, আপনার কাছে আত্মসমর্পন করেছি, আপনার উপরই ভরসা করেছি, আপনার কাছেই প্রত্যাবর্তন করেছি, আপনার জন্যই বিবাদ করি, আপনার কাছেই ফায়সালা চেয়েছি। অতএব আপনি আমার গুনাহ ক্ষমা করে দিন যা আমি আগে করেছি, যা আমি পরে করেছি, যা আমি গোপনে করেছি, যা আমি প্রকাশ্যে করেছি। আপনি সর্বপ্রথম, আপনি সর্বশেষ, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই।)

সুফিয়ান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে আব্দুল কারীম আরেকটু বেশি বর্ণনা করেছেন, সেটা হলো, اللهِ يَاللهِ عَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ (আপনি ছাড়া আর কোন প্রকৃত মা'বূদ নেই। মন্দ থেকে বাঁচার কোন উপায় নেই আল্লাহ ছাড়া এবং সৎ কাজ করার কোন শক্তি নেই তিনি ছাড়া।)।"

সুফিয়ান রহিমাহুল্লাহ বলেন, "আমি হাদীসটি আবূ উমাইয়াহ আব্দুল কারীম রহিমাহুল্লাহর কাছে বর্ণনা করলে তিনি বলেন, "তুমি বলো, غيرك إِلَهُ إِلَّا أَنْتَ إِلَهِي لَا إِلَهُ إِلَّا أَنْتَ وِلا إِله غيرك (আপনি আমার প্রভু, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই)।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১১৫১; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২৫৬৫; হুমাইদী: ৪৯৫; মুসনাদ আহমাদ: ১/৩৫৮; দারেমী: ১/৩৪৮-৩৪৯; সহীহ আল বুখারী: ১১২০; সহীহ মুসলিম: ৭৬৯; নাসাঈ: ৩/২০৯-২১০; ইবনু মাজাহ: ১৩৫৫; তাবারানী: ১০৯৮৭; আবূ আওয়ানা: ২/২৯৯; সুনান বাইহাকী: ৩/৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন